

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৫২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيِّ عَنْهَا مِنَ الْبُيُوْعِ

আরবী

وَعَنْ جَابِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يبِعْ حَاضِرٌ لِبَادٍ دَعُوا النَّاسَ يَرْزُقُ اللَّهُ بَعْضَهُمْ من بعض» . رَوَاهُ مُسلم

বাংলা

২৮৫২-[১৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শহরের লোকেরা আগত গ্রাম্য লোকেদের পণ্য-সামগ্রী বিক্রি করে দেয়ার জন্য চাপ প্রয়োগ করতে পারবে না। এভাবেই আল্লাহ তা'আলা লোকেদের একজনকে অপরজন দ্বারা লাভবান হওয়ার সুযোগ দিয়ে থাকেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৫২২, নাসায়ী ৪৪৯৫, তিরমিয়ী ১২২৩, ইবনু মাজাহ ২১৭৬, আহমাদ ১৪২৯১, সহীহ ইবনু হিব্বান ৪৯৬৩, সহীহ আল জামি' ৭৬০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অপর বর্ণনায় আনাস (রাঃ) হতে বর্ণিত রয়েছে যে, শহরের লোক গ্রাম্য লোকের পণ্য সামগ্রী বিক্রয় করে দেয়ার চাপ প্রয়োগের ব্যাপারে আমাদের নিষেধ করা হয়েছে। যদিও সে তার বাবা কিংবা ভাই হোক না কেন। এ সকল হাদীস থেকে এটাই প্রমাণিত হয় যে, গ্রাম্য লোকের দ্রব্য বিক্রি করে দেয়ার ব্যাপারে শহরের লোকের চাপ প্রয়োগ করা সম্পূর্ণ হারাম। ইমাম শাফি উ ও অধিকাংশ বিদ্বানগণ এমন সিদ্ধান্তই দিয়েছেন। আল্লাহ তা আলাই ভালো জানেন। (শারহে মুসলিম ১০ম খন্ড, হাঃ ১৫২২, ১৫২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন